

স্বাভাবিক কার্যক্রম ও ভর্তি পরীক্ষার পদক্ষেপ নেয়ার দাবি

শাবি ভিসির সাথে শিক্ষকদের সাক্ষাৎ

■ শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ডাইনি চ্যাঙ্গেলর অধ্যাপক ড. মো. আমিনুল হক ভূঁইয়ার সাথে সাক্ষাৎ করেছেন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও আওয়ামী লীগ সমর্থিত শিক্ষক পরিষদের নেতৃবৃন্দ। বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. কবির হোসেন ও শিক্ষক পরিষদের আহ্বায়ক অধ্যাপক ড. আখতারুল ইসলামের নেতৃত্বে শতাধিক শিক্ষক ভিসির কার্যালয়ে সাক্ষাৎ করতে যান।

সংশ্লিষ্ট শিক্ষকরা জানান, ভিসির সাথে দেখা করে শিক্ষকরা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম স্বাভাবিক, একাডেমিক কাউন্সিল, সিন্ডিকেট, সিলেকশন বোর্ড ও বোর্ড অব এডভান্স স্টাডিজের সভা আহ্বান, ভর্তি পরীক্ষা গ্রহণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, শিক্ষক-কর্মকর্তাদের আপগ্রেডেশনসহ বিভিন্ন দাবি চলে ধরেন। শিক্ষকরা ভিনিকে বলেন, দীর্ঘদিন ধরে সিন্ডিকেট সভা না হওয়ার ফলে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা প্রাপ্য সুবিধা হতে বঞ্চিত। সিলেকশন বোর্ড না হওয়ার ফলে শিক্ষক ও কর্মকর্তাদের আপগ্রেডেশন ও প্রমোশন হচ্ছে না। একাডেমিক কাউন্সিল না হওয়ার ফলে নতুন শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা গ্রহণের জন্য কোন কার্যক্রম শুরু করা যাচ্ছে না। সরকার সমর্থিত শিক্ষক ফোরামের এই নেতৃবৃন্দ অবিলম্বে একাডেমিক কাউন্সিল, সিলেকশন বোর্ড ও সিন্ডিকেটের সভা আহ্বান করার জন্য ভিসির কাছে দাবি জানান। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম স্বাভাবিক করার ব্যাপারে দ্রুত পদক্ষেপ নেয়া হবে বলে শিক্ষকদের আশ্বস্ত

করেছেন ভিসি ড. মো. আমিনুল হক ভূঁইয়া। সাক্ষাৎ শেষে প্রশাসনিক ভবনের স্টামনে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মো. কবির হোসেন, আওয়ামী সমর্থিত শিক্ষক পরিষদের আহ্বায়ক অধ্যাপক ড. আখতারুল ইসলাম; ছাত্র উপদেষ্টা ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. রাশেদ তালুকদার, অধ্যাপক ড. রেজাই করিম খন্দকার, ফিজিক্যাল সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. সাবিনা ইসলাম, এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. নারায়ণ সাই, এগ্রায়ের সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. জহির বিন আলম, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. নিয়াজ আহম্মেদ, প্রক্টর অধ্যাপক ড. কামরুজ্জামান চৌধুরী, সিন্ডিকেট সদস্য ড. হাসান জাকিরুল ইসলাম, সাবেক প্রক্টর অধ্যাপক ড. হিমাত্রি শেখর রায়।

ড. মো. কবির হোসেন বলেন, যারা ভিসি বিরোধী আন্দোলনে আছেন তাদেরকে শিক্ষক সমিতিতে এসে আলোচনা করতে আহ্বান জানাচ্ছে। বিশ্ববিদ্যালয়কে স্বাভাবিক করুন। আর ক্ষতি করবেন না। একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটের সভা ডেকে ভর্তি পরীক্ষা গ্রহণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও শিক্ষক-কর্মকর্তাদের আপগ্রেডেশন ও প্রমোশনসহ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার দাবি জানাচ্ছে। উল্লেখ্য, অসৌজন্যমূলক আচরণের অভিযোগে গত কয়েক মাস ধরে ভিসি অধ্যাপক ড. মো. আমিনুল হক ভূঁইয়ার পদত্যাগ দাবিতে আন্দোলন করে আসছে সরকার সমর্থিত শিক্ষকদের একটি অংশ।